

স্মারকঃ বিআইসিএম/প্রশাসন/নি.প্র.নি/০০১/১৮-৯৬৩

তারিখঃ ০৮ অক্টোবর, ২০১৮

বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) পুঁজিবাজারের তাত্ত্বিক এবং প্রায়োগিক জ্ঞান প্রসারের লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন-এর নিয়ন্ত্রণাধীন একটি জাতীয় প্রতিষ্ঠান। সরকারী অর্থায়নে পরিচালিত এই ইন্সটিটিউটের নির্বাহী প্রেসিডেন্ট এর শূণ্য পদে পূর্ণকালীন নিয়োগের নিমিত্তে নিম্নে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

পদের নামঃ নির্বাহী প্রেসিডেন্ট।

দায়িত্ব ও কর্তব্যঃ

- বিআইসিএম পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত ও নির্দেশনার আলোকে ইন্সটিটিউটের সার্বিক কার্যক্রম পরিচালনা ও তত্ত্বাবধান করা;
- ইন্সটিটিউটের বিভিন্ন কার্যক্রমের বাস্তবায়ন ও কৌশলগত পরিকল্পনা প্রণয়ন ও নেতৃত্বদান করা;
- শিক্ষা, গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম তদারক করা ও তাতে অবদান রাখা;
- ইন্সটিটিউটে নিয়োজিত অনুষদ সদস্য, গবেষক ও পরামর্শকদের কার্যক্রম তত্ত্বাবধান করা;
- বিভিন্ন ফোরামে ইন্সটিটিউটকে প্রতিনিধিত্ব করা;
- সরকার, উন্নয়ন সহযোগী এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে সমন্বয় সাধন করা।

শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতাঃ

- কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ফিন্যান্স/হিসাববিজ্ঞান/ব্যাংকিং/ব্যাংকিং ও ইন্সুরেন্স/ব্যবস্থাপনা/ব্যবসায় প্রশাসন/মানব সম্পদ ব্যবস্থাপনা/ব্যবসায় শিক্ষার অন্যান্য বিষয়/আন্তর্জাতিক সম্পর্ক/লোক প্রশাসন/গভর্ন্যান্স এন্ড পাবলিক পলিসি/অর্থনীতি/পরিসংখ্যান/আইন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী।
- কমপক্ষে ১৮ বছরের পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়াও তথ্য যোগাযোগ প্রযুক্তিতে উচ্চতর পর্যায়ের জ্ঞান ও দক্ষতা; ইন্সটিটিউটকে বিশ্বমানের প্রতিষ্ঠানে উন্নীতকরণের প্রয়োজনীয় দূরদৃষ্টি; বিশ্লেষণ ক্ষমতা, ব্যবস্থাপনা ও প্রশাসনিক দক্ষতা এবং নেতৃত্বের গুণাবলীর অধিকারী; বাংলাদেশের অর্থনীতি, পুঁজিবাজার এবং বর্তমান আর্থিক অবস্থা সম্পর্কে সুস্পষ্ট জ্ঞানের অধিকারী; উন্নত সাংগঠনিক ও নেটওয়ার্কিং দক্ষতা; ইংরেজিতে অসাধারণ বাচনিক ও লেখিক দক্ষতা; দেশে ও বিদেশে পুঁজিবাজার/ইন্সটিটিউট এ পেশাদারী প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন ও প্রশিক্ষণ প্রদানে বাস্তব অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- কোন স্বীকৃত প্রশিক্ষণ/গবেষণা প্রতিষ্ঠানের প্রশিক্ষক/গবেষক এবং বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক অথবা সরকারের কোন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা-এর অতিরিক্ত সচিব পদমর্যাদা হিসেবে চাকুরির অভিজ্ঞতা।
- অন্যান্য যোগ্যতা সমান থাকলে পিএইচডি, কোয়ালিফাইড চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস(এফসিএ)/কস্ট এন্ড ম্যানেজমেন্ট এ্যাকাউন্ট্যান্টস (এফসিএমএ)/চার্টার্ড ফাইন্যান্সিয়াল এনালিস্ট (সিএফএ) ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে।

বেতন ও অন্যান্য সুবিধাঃ

- প্রারম্ভিক মাসিক মূল বেতন ১,৭৫,০০০.০০ টাকাসহ ইন্সটিটিউটের নিয়মানুযায়ী অন্যান্য সুবিধাদি।
- উৎসব ভাতা- বছরে ২ টি (মূল বেতনের সমপরিমাণ) ও নিয়মানুযায়ী বৈশাখী ভাতা।
- এছাড়াও বিধি মোতাবেক জ্বালানী ও চালকসহ একটি সার্বক্ষণিক গাড়ীর সুবিধা।
- মূল বেতন প্রতিবছর ৩% হারে বৃদ্ধি পাবে।
- আয়কর সংশ্লিষ্ট কর্মকর্তা নিজে বহন করবেন।

চাকুরির শর্তাবলীঃ

- পদের ধরনঃ চুক্তিভিত্তিক পূর্ণকালীন;
- মেয়াদঃ ৩ বছর;
- চাকুরির অন্যান্য শর্তাবলী বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট এর কর্মচারী চাকুরি প্রবিধানমালা দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখে বয়স অনূর্ধ্ব ৫৫ বছর।

আবেদন প্রক্রিয়াঃ

- আগ্রহী প্রার্থীগণকে আবেদনপত্রের সাথে (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) নিজ জেলার নাম (ছ) জন্ম তারিখ (জ) ১৫ নভেম্বর, ২০১৮ তারিখে বয়স (ঝ) জাতীয়তা (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (ঠ) মোবাইল নাম্বার, ই-মেইল (ড) ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি এবং জাতীয় পরিচয়পত্র নম্বর উল্লেখপূর্বক জীবন বৃত্তান্ত চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট এর বরাবর নিম্নোক্ত ঠিকানায় পাঠাতে হবে।
- উপযুক্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণকে সাক্ষাৎকারের জন্য আহ্বান করা হবে।
- সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- আবেদনের শেষ তারিখ ১৫ নভেম্বর, ২০১৮।

চেয়ারম্যান

পরিচালনা পর্ষদ

বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট
বিজিআইসি টাওয়ার (৪র্থ তলা)

৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০